

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
ফেনী সদর, ফেনী।
www.dls.sadar.feni.gov.bd

স্মারক নং- ৩৩.০১.৩০২৯.০০০.১৮.০০১.২৫-২৭৩

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১১ মে ২০২৬ খ্রিস্টাব্দ

কমিউনিটি এক্সটেনশন এজেন্ট সংযুক্তিকরণ বিজ্ঞপ্তি

প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতায় “প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প” এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের অধীনে উপজেলার সকল ইউনিয়নে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং খামারীদের ঘাস চাষে উত্থাপন, প্রশিক্ষণ প্রদান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্প সংশ্লিষ্ট কাজের নিমিত্ত প্রকল্প চলাকালীন উপজেলার ০১ (এক) জন কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) সংযুক্ত করা হবে। নিম্নোক্ত শর্তাবলী পূরণ করে এমন প্রার্থীদের নিকট নাম, পিতার নাম ও মাতার নাম, বর্তমান ঠিকানা, পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি- ০২ কপি, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, ধর্ম, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) সম্বলিত তথ্যাদিসহ দরখাস্ত আহবান করা হলো। আহ্বীদের আগামী ১৭/০৫/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় তথ্যাদিসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলীঃ

- ০১ ডিডিপির সংস্থান মোতাবেক ভাতা/পারিশ্রমিকে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্পের নিয়ম-কানুন ও নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে ৩০০/- নন-জডিশিয়াল স্ট্যাম্পে চুক্তির মাধ্যমে প্রকল্প চলাকালীন সময়ের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) হিসাবে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সাথে সম্পৃক্ত হতে আহ্বী হতে হবে।
- ০২ সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা, ন্যূনতম এসএসসি বা সমমান পাশ, কর্মঠ, উদ্যোগী এবং নেতৃত্ব গুণাবলী সম্পন্ন এলাকায় সুপরিচিত বেকার যুব/মহিলা হতে হবে।
- ০৩ নিজে গবাদিপশু পালন ও ঘাস চাষে আহ্বী এবং উপজেলার খামারী পর্যায়ে অধিক উৎপাদনশীল উন্নতজাতের ঘাস সম্প্রসারণে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সম্প্রসারণ এজেন্ট হিসাবে সহযোগিতা প্রদানে আহ্বী হতে হবে।
- ০৪ উপজেলা প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় রেখে উপজেলা সদরে অধিক উৎপাদনশীল উন্নতজাতের ঘাসের ক্রয়-বিক্রয় কেন্দ্র/বাজার স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে আহ্বী হতে হবে।
- ০৫ প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা অনুযায়ী করতে হবে।
- ০৬ অফিস সময়ে কর্মস্থলে উপস্থিত থেকে প্রকল্প সংশ্লিষ্ট কাজে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা অনুসরণ করতে হবে।
- ০৭ বয়স ২০-৪৫ এর মধ্যে হতে হবে। প্রাণিসম্পদ অধিদপ্তরীয় সমাপ্ত উন্নয়ন প্রকল্পসমূহে কর্মরত ছিলেন এমন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে এবং এক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
- ০৮ অধিদপ্তরীয় চলমান অন্য কোন উন্নয়ন প্রকল্পের সুবিধাভোগীকে এ প্রকল্পের আওতায় সুফলভোগী হিসাবে নির্বাচন করা যাবে না।
- ০৯ আদালত কর্তৃক দোষী সাব্যস্ত অথবা অপ্রকৃষ্ট ব্যক্তি কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) পদে বিবেচিত হবে না।
- ১০ প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) এর উল্লেখিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালনের মানসিকতা থাকতে হবে।

(ডাঃ মোঃ শহিদুল ইসলাম খোকন)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
ফেনী সদর, ফেনী।

ই-মেইল: ulofenisadar843@gmail.com

ও

সদস্য সচিব

প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি
হস্তান্তর প্রকল্পের কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচন কমিটি

বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলোঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, ফেনী সদর, ফেনী
- ২। উপজেলা কৃষি অফিসার, ফেনী সদর, ফেনী
- ৩। অত্র দপ্তরের নোটিশ বোর্ড।

অনুলিপিঃ

১. প্রকল্প পরিচালক, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর, ঢাকা, বাংলাদেশ।
২. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফেনী।